দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 12 APR 1995 ...
পৃষ্ঠা ২ কলাম ৪

২৪

# সরকারী কলেজ শিক্ষক কর্মবিরতি প্রত্যাহার

সরকারী কলেজ শিক্ষকরা ৮ এপ্রিল থেকে চলমান কর্মবিরতি প্রত্যাহার করেছেন। শিক্ষামন্ত্রী ও শিক্ষা সচিবের সাথে মঙ্গলবার শিক্ষকদের জরুরী বৈঠকের পর এ সিদ্ধান্ত গৃহীত হয়।

বৈঠকে অনতিবিলম্বে ১৮৫০ টি শিক্ষকপদ সৃষ্টি, আত্মীকৃত ৭০টি কলেজে এক হাজার শিক্ষকপদ সৃষ্টি, বিনা সতর্কীকরণে ক্ষতিগ্রস্ত কর্মকর্তাদের পদোন্নতি প্রদান প্রভৃতি বিষয়ে ঐকমত্য প্রতিষ্ঠিত হয়। আগামী ৩০ এপ্রিল সরকারী বাংলা কলেজে দাবি-দাওয়া পূরণের আশ্বাস সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনার জন্য শিক্ষকরা মিলিত হবেন। সরকারী কলেজ অধ্যাপক ও প্রভাষক সমিতি নেতৃবৃন্দের মধ্যে বৈঠকে উপস্থিত ছিলেন অধ্যাপক ওমর ফারুক, অধ্যাপক মোঃ আলতাফ হোসেন, অধ্যাপিকা রফিকা খাতুন, প্রভাষক শওকতুজ্জামান, প্রভাষক রেজাউল করিম প্রমুখ। প্রেস বিজ্ঞপ্তি।